

পত্র নং ... ১৭৭ ...	তারিখ ... ১১/৫/২০
সিস্টেম এনালিস্ট	১১/৫/২০
সহকারী প্রোগ্রামার	১১/৫/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৪০০.৯৯.৩৭৬.২২ - ৭৬০


তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০
০৮ জুন ২০২০

অফিস আদেশ

নিম্নস্বাক্ষরকারী দেশের অনেক জেলার সহকারী পরিচালকগণকে মোবাইলে ফোন করলে প্রায়শঃই সালাম না দিয়ে “কে বলছেন” অথবা “কে কে” এরকম জবাব অপর প্রান্ত থেকে শোনা যাচ্ছে যা খুবই অসৌজন্যমূলক এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) ২০১৮ বিধিমালা অনুযায়ী অসদাচারন বটে। একজন কর্মকর্তা সহকারী পরিচালক তিনি কি ফোন রিসিভ করার সৌজন্যতা বোঝেন না?

মহাপরিচালক উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো’র সরকারী মোবাইল নম্বর ০১৯৫৪ ৩৩ ২৬ ১৬ যা সকল সহকারী পরিচালকগণকে তার মোবাইল ফোন থেকে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। ভবিষ্যতে এরকম অসৌজন্যমূলক “কে বলছেন” অথবা “কে কে” অপর প্রান্ত থেকে এরকম প্রশ্ন করা হলে তার বিরুদ্ধে “অসদাচারনের” বিভাগীয় মামলা হতে পারে বিধায় সৌজন্যতা বজায় রেখে অথবা টেলিফোনিক কার্টেসী বজায় রেখে মোবাইলে জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক প্রদত্ত নম্বর ব্যবহার এবং মহাপরিচালকের কার্যালয়ের সকল কর্মকর্তাগণের নম্বর সংরক্ষণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।



ড.মো: আবুল কালাম আজাদ
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)

সহকারী পরিচালক (সকল)
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
..... জেলা।

অনুলিপি:

- ১। পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
- ২। সিস্টেম এনালিস্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (পত্রটি ব্যুরো’র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
- ৪। সহকারী পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
- ৫। অফিস কপি।